

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
প্রোগ্রাম শাখা  
[www.ictd.gov.bd](http://www.ictd.gov.bd)

স্মারক নং-৫৬.০০.০০০০.০২৩.১৪.১৮৮.১৭- ৪২২

তারিখঃ ২৬/১১/২০১৮ খ্রিঃ


বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন “মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় সরকারি সেবা সম্পর্কিত মোবাইল এ্যাপস উন্নয়নের প্রস্তাব আহ্বান প্রসঙ্গে।

সূত্রঃ প্রকল্প কার্যালয়ের পত্র নং ৫৬.০০.০০০০.০৪১.১৮.০২৪.১৮-১৮৫১; তারিখঃ ১৯/১১/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ ও রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে আইসিটি বিভাগ কাজ করে যাচ্ছে। বিভিন্ন উদ্ভাবনী ও সৃজনশীল কর্মকান্ডকে উৎসাহিত করতে এবং সরকারি সেবা সহজ ও দ্রুততম সময়ে জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে আইসিটি বিভাগের আওতায় বিভিন্ন প্রকল্প চলমান রয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অন্যতম অনুসঙ্গ হলো, মানুষের হাতে হাতে আইসিটি উপকরণ সহজলভ্য করা এবং সরকারের বিভিন্ন সেবা দ্রুততম সময়ে স্বল্প খরচে ও কম ভিজিটে (TCV) প্রাপ্তি নিশ্চিত করা।

০২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন “মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় সরকারি-বেসরকারি দপ্তরের জনস্বার্থ সংশ্লিষ্ট ও ভবিষ্যত গুরুত্ব বিবেচনায় ২০০ এর অধিক এ্যাপস তৈরী করা হবে। প্রকল্পের ডিপিপি অনুযায়ী প্রতিটি এ্যাপস উন্নয়নের জন্য ৫ থেকে ৭ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তবে এ্যাপস এর গুরুত্ব ও প্রয়োজনীয়তার নিরিখে প্রস্তাবিত বরাদ্দ কম-বেশী হতে পারে। এ জন্য সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর, সংস্থা বিভাগীয় কার্যালয়, জেলা পর্যায়ের দপ্তর, উপজেলা পর্যায়ের দপ্তর, স্বায়ত্বশাসিত সংস্থাসহ যে কোন দপ্তরের জনসেবা, জনস্বার্থ ও সেবা সহজীকরণ বিষয়ক এ্যাপসের মাধ্যমে অধিকতর সেবা প্রদানের সুযোগ থাকলে তা এ প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করা সম্ভব। প্রকল্প দপ্তর প্রাপ্ত এ্যাপসের প্রস্তাব যাচাই-বাহাই করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে তা বাস্তবায়ন করবে। এ জন্য প্রস্তাবকারী দপ্তরের কোন অর্থের সংশ্লেষ থাকবেনা। উল্লেখ্য যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে প্রস্তাবিত এ্যাপসগুলো গুরুত্বপূর্ণ হতে হবে।

০৩। বর্ণিতাবস্থায়, সংশ্লিষ্ট সরকারি দপ্তরের প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ এ্যাপস এর নাম, আইডিয়া, এর উপযোগিতা ও সম্ভাব্য ব্যয় উল্লেখপূর্বক আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক বরাবর সরাসরি (প্রকল্প পরিচালক, মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, লেভেল-৬, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা) অথবা ই-মেইলে ([pd.sdmga@gmail.com](mailto:pd.sdmga@gmail.com)) প্রস্তাব প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
26/11/2018

(দেবোব্রত সান্যাল)

সিনিয়র সহকারী প্রধান

ফোনঃ ৮১৮১৬৪৭।

সিনিয়র সচিব/সচিব

**অনুলিপি (সদয় অবগতির জন্য) :**

- ১। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ২। উপ প্রধান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (মাননীয় মন্ত্রীর অবগতির জন্য)।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর অবগতির জন্য)।
- ৫। প্রকল্প পরিচালক, মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৬। সিসি এর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৭। অফিস কপি/গার্ড ফাইল।